# কেয়ারারস এলাউন্স এবং কেয়ারার প্রিমিয়াম

এই তথ্যপত্রে যে সকল তথ্য সেগুলি কেবলমাত্র নির্দেশ (guidance/ গাইডেন্স) হিসাবে দেওয়া হয়েছে। এইগুলি আইনের কর্তৃত্বপূর্ণ (authoritative/) বিবৃতি (statement) নয়।

২০০৩ সালের এপ্রিল মাসে এই তথ্যগুলি সঠিক।

কেয়াররস্ এলাউন্স হচ্ছে কেয়ারারদের জন্য মূল বেনিফিট। ২০০৩ সালের এপ্রিল মাসের আগে এটাকে বলা হত ইনভেলিড কেয়ার এলাউন্স।

কেয়ারার প্রিমিয়াম কোন বেনিফিট নয়। এটা হচ্ছে কেয়ারারদের জন্য একটা বাড়তি আর্থিক পরিমান যেটা কতকগুলি আর্থিক সঙ্গতির পরিপূরক বেনিফিটের(means-tested benefit) হিসাব করার সময় ব্যবহার করা হয়।

কেয়ারারস্ এলাউন্স এবং কেয়ারার প্রিমিয়াম পাওয়ার জন্য যে শর্তগুলি আপনাকে পরিপূরন করতে হবে সেইগুলি এই তথ্যপত্রে বর্ননা করা হয়েছে।

সাবধান: কখনও কখনও কেয়াররস এলাউন্সের দাবী করলে আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার বেনিফিটের পরিমান কমে যেতে পারে। আপনি যদি নিশ্চিত না হন তাহলে নিচে কেয়ারারস্ এলাউন্স এবং অন্যান্য বেনিফিট এবং কেয়ারার এলাউন্স এবং দি সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়াম দেখুন অথবা এ সম্বন্ধে আরও উপদেশ নিন।

## কেয়ারারস্ এলাউন্স (Carer's allowance)

### কেয়ারারস্ এলাউন্সের পরিমাণ কত?

কেয়ারারস এলাউন্সের মূল বেনিফিট সপ্তাহে ৪৩ পাউন্ড ১৫ পেনি করে দেওয়া হয়।

আপনি হয়ত আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner) , তার জন্য সপ্তাহে ২৫ পাউন্ড ৮০ পেনি করে বাড়তি পেতে পারেন। যদি আপনার স্বামী, স্ত্রী অথবা যার সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner), তিনি তালিকাভূক্ত অন্যান্য বেনিফিটগুলির একটাও পান (নীচে *তালিকাভূক্ত কতকগুলি বিশেষ বেনিফিটের একটাও পান না* অংশটি দেখুন) অথবা তিনি ২৫ পাউন্ড ৮০ পেনির বেশী রোজগার করেন (ট্যাক্স, ন্যাশনাল ইনসিওরেন্স ইত্যাদি বাদ দেওয়ার পর) এবং কাজের/চাকরীর অথবা ব্যক্তিগত পেনশন পান তাহলে আপনি তার জন্য হয়ত কোন বাড়তি বেনিফিট পাবেন না।

আপনি যদি ২০০৩ সালের ৬ই এপ্রিলের আগে বেনিফিটের জন্য আবেদন করে থাকেন, তাহলে আপনি আপনার উপর নির্ভরশীল কোন সন্তানের জন্য বাড়তি আর্থিক পরিমান পেতে পারেন। এই পরিমান হল সর্ব্বজ্যষ্ঠ সন্তানের জন্য ৯ পাউন্ড ৫৫ পেনি এবং অন্য যে কোন সন্তানের, প্রত্যেকের জন্য ১১ পাউন্ড ৩৫ পেনি করে। আপনার যদি কোন স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন, এমন সঙ্গী (partner) থেকে থাকেন এবং তিনি উপরোক্ত নির্দিষ্ট পরিমান বেশী আয়/রোজগার করে থাকেন তাহলে আপনি তার জন্য কোন বাড়তি আর্থিক পরিমান পাবেন না। আপনার প্রথম সন্তানের জন্য বাড়তি আর্থিক পরিমান পেতে হলে, আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন, (partner) তার আয়/রোজগার সপ্তাহে ১৬০ পাউন্ড বা তার থেকে কম হতে হবে ( ট্যাক্স, ন্যাশনাল ইনসিওরেন্স ইত্যাদি কেটে নেওয়ার পর)। এই পরিমানের উপর প্রত্যেক বাড়তি ২০ পাউন্ড সাপ্তাহিক আয়/রোজগারের জন্য আপনার একজন করে সন্তানের আর্থিক সাহায্য বন্ধ হয়ে যাবে।

আপনি যদি ২০০৩ সালের ৬ই এপ্রিলের পর কেয়ারারস্ এলাউন্সের জন্য দাবী করে থাকেন তাহলে নির্ভরশীল সন্তানদের জন্য কোন বাড়তি আর্থিক সাহায্য পাবেন না।

যে প্রত্যেক সপ্তাহের জন্য আপনি কেয়ারারস্ এলাউন্স পান, সেই প্রত্যেক সপ্তাহে আপনার ন্যাশনাল ইনসিওরেন্স জমা পড়তে থাকে। ভবিষ্যতে আপনি কি পরিমান রিটায়ারমেন্ট পেনশন, রাষ্ট্রীয় দ্বিতীয় পেনশন (state second pension/স্টেট সেকেন্ড পেনশন) , ইনক্যাপাসিটি বেনিফিট এবং জবসিকারস এলাউন্স পাবেন এই ন্যাশনাল ইনসিওরেন্স সেটার পরিমান রক্ষা করতে সাহায্য করে। এটা আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন, (partner) তার শোকের (bereavement/বিরিভমেন্ট) বেনিফিটগুলিকেও রক্ষা করে।

কেয়ারারস্ এলাউন্সের উপর ট্যাক্স দিতে হয়।

## কারা কেয়ারারস এলাউন্স পেতে পারেন?

আপনি কারা কেয়ারারস এলাউন্স পেতে পারেন যদি আপনি

- কোন ব্যক্তির যত্ন নিয়ে থাকেন যিনি বিকলাঙ্গদের নির্দিষ্ট বেনিফিটগুলির যে কোন একটা পেয়ে থাকেন।
- সপ্তাহে অন্ততঃ ৩৫ ঘণ্টার জন্য সেই ব্যক্তির যত্ন নিয়ে থাকেন
- আপনার বয়স ১৬ বৎসর বা তার বেশী
- আপনি পুরা সময়ের জন্য পড়াশোনা করছেন না
- আপনার আয় সপ্তাহে ৭৭ পাউন্ডের কম
- কতকগুলি নির্দিষ্ট বেনিফিটের একটা যদি পান, সেইটির আর্থিক পরিমান এর থেকে বেশী নয়।

- ইউ কে থাকার এবং বসবাস করার সর্তগুলি পূরণ করে থাকেন

এই নিয়মগুলির প্রত্যেকটা নীচে বিশদভাবে বর্ননা করা হয়ছে।

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তিনি যদি মারা যান তাহলে তার মৃত্যুর পর ৮ সপ্তাহ পর্য্যন্ত আপনি কেয়ারারস্ এলাউন্স পেতে পারেন। তবে আপনাকে উপরোক্ত সব শর্তগুলি পূরণ করতে হবে, কেবলমাত্র যত্ন নেওয়ার অথবা যে ব্যক্তির যত্ন নিতেন তিনি যে সকল বেনিফিট পেতেন সেই শর্তগুলি ছাড়া।

## বিশেষ বিকলাঙ্গতার (disability/ডিসেবিলিটি) বেনিফিটগুলি

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তাকে অবশ্যি নিম্নলিখিত বেনিফিটগুলি পেতে হবে:

- এটেনডেন্স এলাউন্স ; অথবা
- ডিসেবিলিটি লিভিং এলাউন্সের ব্যক্তিগত দেখাশোনার(personal care) জন্য মাধ্যমিক অথবা উচ্চতর পরিমান; অথবা
- প্রত্যেক সপ্তাহে ওয়ার পেনশন অথবা ইনডাসট্রিয়াল ডিসেবলমেন্ট সঙ্গে অন্ততঃ ৪৬ পাউন্স ৮০ পেনি করে কন্সটান্ট এটেনডেন্স্ এলাউন্স

## সপ্তাহে অন্ততঃ ৩৫ ঘণ্টার জন্য কোন ব্যক্তির যত্ন নেওয়া

আপনাকে অবশ্যি সপ্তাহে একজন ব্যক্তির ৩৫ ঘণ্টার জন্য যত্ন নিতে হবে। যদি আপনি দুইজন বা বেশী ব্যক্তির যত্ন নিয়ে থাকেন তাহলে সেই সময়গুলি একসঙ্গে করে ৩৫ ঘণ্টার হিসাব করতে পারবেন না। আপনি যত জন ব্যক্তিরই যত্ন নিয়ে থাকুন না কেন, আপনি কেবলমাত্র একটাই কেয়ারারস্ এলাউন্স পাবেন সেই রকম একজন বিকলাঙ্গ ব্যক্তির যত্ন নেওয়ার জন্য কেবলমাত্র একজন যত্নপ্রদান কারী ব্যক্তিই কেয়ারারস এলাউন্স দাবী করতে পারবেন - যদি একজনের বেশী ব্যক্তি সেই ব্যক্তির যত্ন নিয়ে থাকেন, তাহলে তাদের ঠিক করতে হবে যে কে কেয়ারারস্ এলাউন্সের দাবী করবেন।

আপনি যে সপ্তাহগুলির জন্য কেয়ারারস্ এলাউন্সের দাবী করবেন, সেই সপ্তাহগুলিতে আপনাকে অবশ্যই বিকলাঙ্গ ব্যক্তির যত্ন নিতে হবে (তবে নীচে যত্ন নেওয়ার বিরতির অংশ দেখুন)। প্রত্যেক সপ্তাহে যত্ন নেওয়ার জন্য যে সময় ব্যয় করা হয় সেটা যদি বিভিন্ন হয় তাহলে আপনি সেই সময়ের গড়পড়তার হিসাব করতে পারবেন না। কেয়ারারস্ এলাউন্সের সপ্তাহ আরম্ভহয় রবিবারে এবং শেষ হয় পরের শনিবারে।

যত্ন নেওয়ার মধ্যে পড়ে বিকলাঙ্গ ব্যক্তির শারীরিক যত্ন নেওয়া এবং তার উপর নজর রাখা। আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার বর্তমানে যে কোন যত্নই বেনিফিট নেওয়ার যোগ্য সাহায্যের মধ্যে পড়ে। রান্নাবান্না করা, বাজার করা এবং বাড়ীঘরের কাজ করা যত্ন নেওয়ার ভিতর ধরা হয়ে থাকে। আপনি যদি কেউ যদি আপনার কাছে নিয়মিত আসা যাওয়া করেন এবং আপনি তার যত্ন নিয়ে থাকেন বলে কেয়ারারস্ এলাউন্সের দাবী করে থাকেন, তাহলে তার আসা যাওয়ার ব্যবস্থা করা এবং চলে যাওয়ার পর পরিষ্কার করাও এই যত্নের মধ্যে ধরা হতে পারে।

## যত্ন নেওয়ার বিরতি

একবার যখন আপনি ১৪ সপ্তাহের জন্য  কেয়ারারস্ এলাউন্স পাবেন, তখন আপনাকে যদি হাসপাতালে ভর্ত্তি হওয়ার জন্য যত্ন নেওয়া বন্ধ করতে হয়, তাহলে আরও ১২ সপ্তাহের জন্য আপনি এটা পেতে পারবেন।

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তাকে যদি হাসপাতালে ভর্ত্তি হতে হয় তাহলে  আপনি আরও ১২ সপ্তাহের  জন্য অথবা সেই ব্যক্তির বিকলাঙ্গতার বেনিফিট বন্ধ হওয়া পর্য্যন্ত আপনি কেয়ারারস্ এলাউন্স পেতে পারবেন।  নিম্নলিখিত সময়ের পর বিকলাঙ্গতার বেনিফিট বন্ধ হয়ে যাবে:

- আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার বয়স যদি ১৬ বৎসর বা তার বেশী হয়, তাহলে ৪ সপ্তাহ ন্যাশনাল হেল্থ সার্ভিসের হাসপাতালে থাকার পর
- আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার বয়স যদি ১৬ বৎসরের কম হয়, তাহলে ১২ সপ্তাহ ন্যাশনাল হেল্থ সার্ভিসের হাসপাতালে থাকার পর।

অন্যথায়, আপনি একবার যখন একটানা ২২ সপ্তাহের জন্য কেয়ারারস্ এলাউন্স পাবেন, তখন যে কোন ২৬ সপ্তাহের মধ্যে ৪ সপ্তাহের জন্য যত্ন নেওয়ার বিরতি নিতে পারবেন।

আপনার সর্ব্বমোট যত্ন নেওয়ার বিরতি (হাসপাতালে থাকার জন্য অথবা অন্য কোন কারণে) যদি যে কোন ২৬ সপ্তাহের মধ্যে  ১২ সপ্তাহের বেশী হয়, তাহলে আপনাকে কেয়ারারস্ এলাউন্স দেওয়া হবে না।

## বয়স ১৬ বৎসর বা তার বেশী

আপনার ১৬ বৎসরের জন্মদিনের আগে আপনাকে কেয়ারারস্ এলাউন্স দেওয়া যাবে না।  আপনি আপনার জন্মদিনের তিন মাস আগে এর জন্য আবেদন করতে পারেন, তার মানে হল যখন আপনার  বয়স ১৫ বৎসর ৯ মাস তখন আপনি আপনার আবেদন পাঠাতে পারেন।

<u>৬৫ বৎসর বয়সের বেশী ব্যক্তিদের জন্য নিয়মাবলী</u>

২০০২ সালের অক্টোবর মাসের ২৮ তারিখ  পর্য্যন্ত আপনার বয়স যদি ৬৫ বৎসরের বেশী হত তাহলে আপনি কেয়ারারস্ এলাউন্স (তখন বলা হত ইনভেলিড কেয়ার এলাউন্স) দাবী করতে পারতেন না।  এখন ৬৫ বৎসরের বেশী বয়সের ব্যক্তিরা কেয়ারারস্ এলাউন্সের জন্য দাবী জানাতে পারেন, তবে বেশীরভাগ ব্যক্তিরাই এটা পাবেন না।  যদিও এই দাবী জানানোর মানে হয়ত হল যে আপনাকে যদিও কেয়ারারস্ এলাউন্স দেওয়া হবে না আপনি আর্থিক সঙ্গতির পরিপূরক (means-tested) বেনিফিটগুলির সঙ্গে বেশী পরিমান অর্থ পেতে পারেন।  নীচে *অন্যান্য বেনিফিটের তালিকাগুলির একটা থেকে বেশী অর্থ পান না* অথবা *কেয়ারার প্রিমিয়াম* দেখুন।

আপনাদের দুইজনেরই বয়স যদি ৬৫ বৎসরের বেশী হয় এবং ২০০২ সালের ২৮শে অক্টোবরের আগে আপনি কেয়ারারস্ এলাউন্স পেতেন তাহলে যদিও আপনার আয়, নির্ধারিত সীমার বেশী হয় অথবা এখন আর অসুস্থ/ বিকলাঙ্গ ব্যক্তির যত্ন নিচ্ছেন না, তাহলেও আপনি কেয়ারারস্ এলাউন্স পেয়ে যাবেন।  অন্যথায় আপনাকে যাতে কেয়ারারস্ এলাউন্স দেওয়া যায়, তার জন্য সব নিয়মগুলিকে সন্তুষ্ট করে যেতে হবে।

যে সকল মহিলাদের ১৯৯৪ সালের ২৮শে অক্টোবররে আগে ৬৫ বৎসর বয়স হয়েছে তাদের জন্য বিশেষ নিয়মাবলি আছে। এই তারিখের আগ পর্য্যন্ত ৬০ বৎসর বা তার বেশী বয়সের মহিলারা কেয়ারারস্ এলাউন্সের দাবী করতে পারতেন না, (মহিলাদের বিরুদ্ধে বৈষম্যের জন্য এই নিয়মের পরিবর্তন করা হয়েছে)। আপনি যদি ১৯৯৪ সালের ২৮শে অক্টোবরের আগে কেয়ারারস্ এলাউন্স পাওয়ার সব নিয়মগুলি সন্তুষ্ট করতে পারতেন, কিন্তু আপনার বয়স ছিল ৬০ এবং ৬৫ বৎসরের মধ্যে, তাহলে আপনি হয়ত এখন বিলম্বিত দাবী করতে পারেন। আপনি যদি এ সম্বন্ধে নিশ্চেত না হন তাহলে আরও উপদেশ নিন।

## আপনি পুরা সময়ের জন্য পড়াশোনা করছেন না

আপনি যদি পুরা সময়ের জন্য পড়াশোনা করে থাকেন তাহলে আপনি কেয়ারারস্ এলাউন্স পাবেন না। পুরা সময়ে পড়াশোনার মানে হল সপ্তাহে ২১ ঘণ্টা বা তার বেশী।

কেবলমাত্র তত্বাবোধনমূলক (supervised) পড়াশোনা এই সময় সীমার মধ্যে ধরা হয়। তত্বাবোধনমূলক (supervised) পড়াশোনার মধ্যে আছে কলেজে টিচারের কাছে পড়া এবং হোমওয়ার্ক করা। পড়াশোনা করার সময় খাওয়া দাওয় করার(meal-breaks) জন্য যে সময় ব্যয় করা হয় সে সময় এই হিসাবের মধ্যে ধরা হয় না।

পড়াশোনার সময়ের হিসাব করা হয় কেনলমাত্র যখন কলেজ খোলা থাকে। কলেজ খোলা থাকার সময়(term-time) যদি বিভিন্ন সপ্তাহে ২১ ঘণ্টা বা তার বেশী সময় পড়াশোনার জন্য ব্যয় করা হয়ে থাকে তাহলেও আপনি কেয়ারারস্ এলাউন্স পাবেন না। আপনি যদি ছুটিতে থাকেন এবং ছুটির শেষে কলেজে ফিরে যাওয়ার ইচ্ছা থাকে তাহলেও আপনাকে কেয়ারারস্ এলাউন্স দেওয়া হবে না।

## সপ্তাহে ৭৭ পাউন্ড বা তার থেকে কম আয়/রোজগার

আপনি যদি চাকরী/কাজ করেন এবং সপ্তাহে ৭৭ পাউন্ডের বেশী আয়/রোজগার করেন তাহলে আপনি কেয়ারারস্ এলাউন্স পাবেন না। আয়/রোজগারের সীমা প্রত্যেক বৎসর এপ্রিল মাসে বাড়ে

আপনার সাপ্তাহিক আয় হিসাব করার সময় নীচেরগুলি আপনার পুরা আয় থেকে বাদ দেওয়া হয়:

- ইনকাম ট্যাক্স
- ন্যাশনাল ইনসিওরেন্স
- আপনি যদি কোন কাজের অথবা ব্যক্তিগত পেনশনে নিয়মিত অর্থ জমা দিয়ে থাকেন তার অর্ধেক পরিমান

আপনি যে ব্যক্তিকে যত্ন প্রদান করছেন তার জন্য, অথবা ১৬ বৎসরের নীচের কোন বাচ্চার জন্য যদি কোন অর্থ ব্যয় করে থাকেন তাহলে ট্যাক্স, ন্যাশনাল ইনসিওরেন্স এবং পেনশনের অর্থ জমা দেওয়ার পর আপনার যে আয়/রোজগার তার অর্ধেক পরিমান পর্য্যন্ত অর্থ এই কারনে বাদ দেওয়া হতে পারে। আপনি যদি আপনার অথবা আপনি যে ব্যক্তিকে যত্ন প্রদান করছেন তার কোন ঘনিষ্ঠ আত্মীয়ের জন্য এই অর্থ ব্যয় করে থাকেন তাহলে এই আর্থিক পরিমান বাদ দেওয়া হবে না। ঘনিষ্ঠ আত্মীয়রা হলেন আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন partner), পিতামাতা, ছেলে, মেয়ে, ভাই অথবা বোন।

যদি আপনার রোজগার বিভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন হয় তাহলে সেই রোজগারের গড়পড়তার হিসাব করা হবে। যদি আপনার রোজগার এক নির্দিষ্ট সময়সীমার(recognisable cycle) মধ্যে ভিন্ন হয় যেমন: (স্কুলের বৎসর অথবা নিয়মিত সিফ্‌টের কাজ), তাহলে

সেই নির্দিষ্ট সময়সীমার(recognisable cycle) রোজগারের গড়পড়তার হিসাব করা হবে। অন্যথায় এই রোজগারের গড়পড়তা হয় ৫ সপ্তাহ অথবা অন্য যে কোন নির্দিষ্ট সময়সীমার উপর ভিত্তি করে আপনার সঠিক গড়পড়তার হিসাব করা হবে।

যারা নিজেদের জন্য কাজ করেন(self-employed), সেইসকল ব্যক্তিদের গড়পড়তা পূর্ববর্ত্তী ট্যাক্সের বৎসরের আয়/ রোজগারের উপর ভিত্তি করে হিসাব করা হয়। আপনি যদি অল্পদিন আগে নিজের জন্য কাজ করতে আরম্ভ করেছেন, অথবা ইতিমধ্যে আপনার আয়/ রোজগারের পরিবর্ত্তন হয়েছে তাহলে হয়ত কম সময়সীমার উপর এই গড়পড়তার হিসাব করা হবে।

## কতকগুলি নিদিষ্ট বেনিফিটের একটা যদি পান, সেইটির আর্থিক পরিমান এর থেকে বেশী নয়

নিম্নলিখিত বেনিফিটগুলির মধ্যে যে কোন একটি থেকে যদি বেশী পরিমান পান তাহলে আপনি কেয়ারারস্ এলাউন্স পাবেন না।

- স্টেট রিটায়ারমেন্ট পেনশন
- মেটারনিটি এলাউন্স
- কনট্রিবিউশন-বেইসড্ জবসিকারস্ এলাউন্স
- ইনক্যাপাসিটি বেনিফিট
- বিরিভমেন্ট অথবা উইডোস বেনিফিট
- সিভিয়ার ডিসেবলমেন্ট এলাউন্স

এটাকে বলা হয় "আচ্ছাদিত বেনিফিটের(overlapping benefits)" নিয়ম

আপনি যদি উপরোক্ত কোন বেনিফিট কম পেয়ে থাকেন তাহলে তাহলে সেটা সাপ্তাহিক কেয়ারারস্ এলাউন্সের সঙ্গে যোগ করে পুরণ করে দেওয়া হবে। তার মানে হল কেবলমাত্র মূল বেনিফিটের পরিমানের উপরেই অন্যান্য বেনিফিটগুলির আচ্ছাদনের (overlap) প্রভাব পড়বে। কোন আয় সংক্রান্ত বা বয়স সংক্রান্ত যে বাড়তি আর্থিক পরিমান কেয়ারারস্ এলাউন্সের সঙ্গে দেওয়া হয়ে থাকে সেটা এই হিসাবের ভিতর ধরা হয় না

আপনার আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন partner), তিনি যদি উপরোক্ত কোন বেনিফিটের সঙ্গে আপনার জন্য বাড়তি আর্থিক পরিমান পান তাহলে আপনি কেয়ারারস এলাউন্স পেলে তার উপর প্রভাব পড়বে। আপনাকে যে কেয়ারারস এলাউন্স দেওয়া হবে সেই পরিমান আপনার আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner) , তার বাড়তি পরিমান থেকে কেটে নেওয়া হবে। যদি সমান অথবা উচ্চতর পরিমানের কেয়ারারস্ এলাউন্স দেওয়া হয় তাহলে আপনার আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner), তিনি কোন বাড়তি অর্থ পাবেন না।

যদি আচ্ছাদিত বেনিফিটের(overlapping benefits) নিয়মের জন্য আপনি কেয়ারারস্ এলাউন্স না পান, তাহলে আর্থিক সঙ্গতির পরিপূরক (means-tested) বেনিফিটের হিসাব করার সময় আপনাকে একজন কেয়ারার বা যত্ন প্রদানকারী হিসাবে ধরা উচিৎ। এর ফলে বেনিফিটের হিসাবের সময় কেয়ারারস্ প্রিমিয়ামকে অন্তর্ভূক্ত করা হবে - এই তথ্যপত্রে কেয়ারারস্ প্রিমিয়াম অংশটি দেখুন।

আপনি যদি কেয়ারারস্ এলাউন্স এবং ***সিভিয়ার ডিসেবলমেন্ট এলাউন্স*** সমপরিমান পান তাহলে সাধারনত আপনাকে কেয়ারারস্ এলাউন্স দেওয়া হবে। তাহলেও আপনি কেয়ারারস্ এলাউন্সের বদলে সিভিয়ার ডিসেবলমেন্ট এলাউন্স দেবার জন্য অনুরোধ করতে পারেন। আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার বেনিফিটের পরিমান যাতে কমে না যায় সেজন্য আপনি এটা করতে পারেন। এই তথ্যপত্রে *কেয়ারারস্ এলাউন্স এবং সিভিয়ার ডিসেবলমেন্ট প্রিমিয়ামের* অংশ দেখুন।

## ইউ কে থাকা এবং বসবাস করা

গত ৫২ সপ্তাহের মধ্যে ২৬ সপ্তাহ যদি আপনি ইউ কেতে বসবাস না করে থাকেন তাহলে আপনি কেয়ারারস্ এলাউন্স পাবেন না। কিছু কিছু ব্যক্তিকে যখন তারা দেশের বাইরে থাকেন, তখন তারা ইউ কেতে আছেন বলে গন্য করা হবে - যেমন সৈন্যবাহিনীতে যারা কাজ করেন এবং কিছু কিছু ইউরোপিয়ান ইকনমিক এলাকার বাসিন্দারা।

সাধারনত, আপনার ইউ কেতে থাকার সর্ত যদি সীমাবদ্ধকর তাহলে আপনি কেয়ারারস্ এলাউন্স পাবেন না - যেমন, আপনার যদি এদেশে কাজ করার অধিকার না থাকে অথবা জনসাধারনের তহবিলের আশ্রয় (recourse to public fund) নেবার যোগ্যতা না থাকে। কিছু কিছু ব্যক্তির যদিও তাদের এদেশে থাকার সর্ত সীমাবদ্ধকর তবুও তারা কেয়ারারস্ এলাউন্সের জন্য দাবি জানাতে পারবেন। আপনার অভিভাষনের মর্যাদার(immigration starus) জন্য আপনি কেয়ারারস্ এলাউন্সের দাবী জানাতে পারবেন কি না এ সম্বন্ধে আপনি যদি নিশ্চিত না হন তাহলে এ ব্যপারে উপদেশ নিন।

আপনি যখন দেশের বাইরে থাকবেন তখন কেয়ারারস্ এলাউন্স পেতে পারেন:

- ২৬ সপ্তাহ পর্য্যন্ত যদি আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার সঙ্গে যান এবং তিনি সেই সময় বিকলাঙ্গদের(disability) বেনিফিট পাচ্ছেন। আপনার বিদেশে যাওয়ার মূল উদ্দেশ্য হল তার যত্ন নেওয়া;
- চার সপ্তাহ পর্য্যন্ত অন্যান্য যে কোন অবস্থায়।

## কেয়ারারস এলাউন্সের জন্য দাবী করা

ডি এস৭০০(DS700) ফর্মে কেয়ারারস্ এলাউন্সের জন্য দাবী করুন। এই ফর্মের জন্য আপনার স্থানীয় সোসাল সিকিউরিটির অফিস অথবা জব সেন্টারে যান, অথবা ডিপার্টমেন্ট অফ ওয়ার্ক এন্ড পেনশনের, কেয়ারারদের এবং বিকলাঙ্গ ব্যক্তিদের সাহায্যের লাইনে ০৮০০ ৮৮২২০০ (০৮০০ ১২০৬৭৪ নর্দান আয়ারল্যান্ডে) নম্বরে ফোন করুন।

আপনি যদি আবেদনের তিন মাসের আগে বেনিফিট পাওয়ার সব সর্তগুলি পূরন করে থাকেন, তাহলে সেই সময়ের জন্যও আবেদন করতে পারেন।

আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তিনি কোন বিকলাঙ্গদের বেনিফিট না পাওয়া পর্য্যন্ত আপনাকে কেয়ারারস এলাউন্স দেওয়া যাবে না। কখনও কখনও, কেয়ারারস্ এলাউন্সের দাবীর সিদ্ধান্ত বিকলাঙ্গদের(disability) বেনিফিটের সিদ্ধান্ত নেওয়াঋ আগেই নেওয়া হয়ে থাকে এবং সেইসব ক্ষেত্রে কেয়ারারস্ এলাউন্সের আবেদন বাতিল করা হয়। এ রকম যদি হয় তাহলে বিকলাঙ্গদের(disability) বেনিফিট পাবার দিন থেকে তিন মাসের মধ্যে আবার কেয়ারারস্ এলাউন্সের জন্য আবেদন করুন। তাহলে আপনার প্রথম আবেদনের দিন থেকে অথবা যেদিন থেকে বিকলাঙ্গদের(disability) বেনিফিট দেওয়া হচ্চে সেদিন থেকে কেয়ারারস্ এলাউন্স দেওয়া হবে। এটা নির্ভর করে পরের তারিখটার উপর।

## জব সেন্টার প্লাস

কেয়ারারস্ এলাউন্সের আবেদন করার জন্য একটা নূতন পদ্ধতির ব্যবস্থা করা হয়েছে। বেশীরভাগ যত্ন প্রদানকারীদের জব সেন্টার প্লাসে “চাকরী/কাজ কেন্দ্রীভূত ইন্টারভিয়্যুতে(work focussed interview)” যেতে হবে। বর্তমানে আস্তে আস্তে এই পদ্ধতির

পরিচয় করানো হচ্ছে। ইউ কের কোন কোন এলাকায় এই ইন্টারভিয়্যু এখনই আবশ্যক, অন্যান্য এলাকায় আগামী কয়েক বৎসরের মধ্যে এই পদ্ধতি চালু করা হবে।

কিছু কিছু ব্যক্তিকে এই ইন্টারভিয়্যু দিতে হবে না। তাদের মধ্যে আছেন:

- ৬০ বৎসরের বেশী বয়স্ক ব্যক্তিরা;
- ইতিমধ্যে অন্য কোন বেনিফিটের জন্য যাদের ইন্টারভিয়্যু নেওয়া হয়েছে;
- যারা সপ্তাহে ১৬ ঘণ্টার বেশী কাজ করছেন এবং ইনকাম সাপোর্টের দাবী করছেন না।

এই "চাকরী/কাজ কেন্দ্রীভূত ইন্টারভিয়্যুতে(work focussed interview)" হবে জব সেন্টারের একজন ব্যক্তিগত উপদেশদাতার সঙ্গে। তিনি আপনার সঙ্গে আপনার চাকরী/কাজের সম্ভাবনা নিয়ে আলোচনা করবেন। এই উপদেশদাতা আপনাকে চাকরী/কাজ খুজে বের করতে অথবা কোন সাহায্যকারী ট্রেইনিং নেবার জন্য পরামর্শ দিতে পারন। যে কোন কাজ আপনাকে করতে বলা হবে না বা যে সকল পরামর্শ দেওয়া হবে সেগুলি আপনাকে মেনে নিতে হবে না। তবে আপনাকে অবশ্যই উপদেশদাতার সঙ্গে সহযোগীতা করতে হবে এবং আপনার কাজ/চাকরীর এবং শিক্ষার বিশদ বর্ননা তাকে দিতে হবে। আপনি যদি ইন্টারভিয়্যুতে না যান অথবা সহযোগীতা না করেন তাহলে আপনার বেনিফিটের আবেদন বাতিল করে দেওয়া হতে পারে।

# কেয়ারার প্রিমিয়াম

## কেয়ারার প্রিমিয়াম কি

এটা বেনিফিট নয়, এটা হচ্ছে একটা বাড়তি ভাতা। আর্থিক সঙ্গতির পরিপূরক (means-tested) বেনিফিটের হিসাব করার সময় এই ভাতার হিসাব করা হয়। নিম্নলিখিতগুলির হিসাব করার সময় এই ভাতার হিসাব করা হয়:

- ইনকাম সাপোর্ট;
- দি মিনিমাম ইনকাম গ্যারান্টি (৬০ বৎসরের উপর বয়স্ক ব্যক্তিদের জন্য ইনকম সাপোর্ট);
- ২০০৩ সালের অক্টোবর মাস থেকে দি মিনিমাম ইনকাম গ্যারান্টির স্থানে দি পেনশন ক্রেডিটের প্রবর্তন করা হবে।
- ইনকাম বেইসড্ জব সিকারস্ এলাউন্স;
- হাউজিং বেনিফিট এবং
- কাউন্সিল ট্যাক্স বেনিফিট ((নর্দান আয়ারল্যান্ডে রেট রিবেট)

উপরোক্ত বেনিফিটগুলির জন্য আপনি কি পরিমান কেয়ারার প্রিমিয়াম পাবেন সেটা নির্ভর করে আপনার আয়/রোজগার এবং সঞ্চয়ের পরিমান কত

এই বেনিফিটগুলির হিসাব করা আপনার সাপ্তাহিক আয়/রোজগারের পরিমান এবং আপনার আর্থিক অনুমোদিত পরিমানের(set of allowance) উপর। আপনার আয়/রোজগার যদি অনুমোদিত পরিমানের কম হয় তাহলে এই বৈষম্যের পরিমান হয় ইনকাম সাপোর্ট, ইনকাম বেইজড জব সিকারস্ এলাউন্স অথবা মিনিমাম ইনকাম গ্যারান্টি হিসাবে আপনাকে দেওয়া হবে। আপনার আয়/রোজগার যদি আপনার অনুমোদিত পরিমানের কম হয় তাহলে সর্ব্বচ্চো পরিমানের হাউজিং এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিট পাবেন। আপনার আয়/রোজগার যদি বেশী হতে থাকে তাহলে আস্তে আস্তে এই বেনিফিটগুলিও কমতে থাকবে।

আপনি এবং আপনার আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner)( এমন যদি একজন থাকেন) এবং যদি তিনি নীচেরটি পান তাহলে আপনি প্রিমিয়াম পাবেন:

- কেয়ারারস্ এলাউন্স
- কেয়ারারস্ এলাউন্স পেতে পারতেন কিন্তু তার অন্য একটি "আচ্ছাদিত বেনিফিট(overlapping benefit)" পাচ্ছেন

এই প্রিমিয়ামের পরিমান হল সপ্তাহে ২৫ পাউন্স ১৪ পেনি। যত্ন প্রদানকারী ব্যক্তি একটা প্রিমিয়াম পান। বিবাহিত বা যে সকল ব্যক্তিরা একসঙ্গে বসবাস করছেন এবং নিয়ম(rule) যদি তাদের ক্ষেত্রে খাটে তাহলে তারা হুজনেই একটা করে প্রিমিয়াম পাবেন।

আপনি যদি কোন কারনে যত্ন নেওয়া বন্ধ করে দেন তাহলেও আপনি কেয়ারারস্ এলাউন্সের সঙ্গে ৮ সপ্তাহ পর্য্যন্ত প্রিমিয়াম পেতে পারেন।

## মূলধনের প্রভাব

আপনার যদি ৮,০০০ পাউন্ডের বেশী সঞ্চয় থাকে তাহলে আপনি ইনকাম সাপোর্ট এবং ইনকাম বেইসড জব সিকারস্ এলাউন্স পাবেন না। আপনার যদি ৩,০০০ পাউন্ডের বেশী সঞ্চয় থাকে তাহলে আপনার বেনিফিটের পরিমান কম হবে।

আপনার যদি ১২,০০০ পাউন্ডের বেশী সঞ্চয় থাকে তাহলে আপনি মিনিমাম ইনকাম গ্যারান্টি পাবেন না। আপনার যদি ৬,০০০ পাউন্ডের বেশী সঞ্চয় থাকে তাহলে আপনার বেনিফিটের পরিমান কম হবে।

আপনার সঞ্চয়ের পরিমান যদি ১৬,০০০ পাউন্ডের বেশী হয় তাহলে আপনি হাউজিং বেনিফিট এবং কাউন্সিল বেনিফিট পাবেন না। আপনার যদি ৩,০০০ পাউন্ডের অথবা আপনার বয়স যদি ৬০ বৎসরের বেশী হয় এবং ৬,০০০ পাউন্ডের বেশী সঞ্চয় থাকে তাহলে আপনার বেনিফিটের পরিমান কম হবে।

পেনশন ক্রেডিটের জন্য কোন উচ্চতর মূলধনের সীমা থাকবে না। যদি ৬,০০০ পাউন্ডের বেশী সঞ্চয় থাকলে হয়ত এর পরিমান কমানো হতে পারে তবে সেটা মিনিমাম ইনকাম গ্যারান্টি থেকে কম হবে।

## কি ভাবে আর্থিক সঙ্গতির পরিপূরক (means-tested) বেনিফিটের দাবী করতে হবে

আপনার স্থানীয় সোসাল সিকিউরিটির অফিসে ইনকাম সাপোর্ট এবং জব সিকারস্ এলাউন্সের জন্য আবেদন করুন।

আপনার স্থানীয় কাউন্সিলের কাছে হাউজিং বেনিফিট এবং কাউন্সিল ট্যাক্স বেনিফিটের জন্য আবেদন করুন।
সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়াম
পেনশন সার্ভিস হেল্পলাইনের ০৮০০ ০২৮ ১১১ নম্বরে ফোন করে মিনিমাম ইনকাম গ্যারান্টির জন্য আবেদন করুন।

## কেয়ারারস্ এলাউন্স এবং দি সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়াম

সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়াম হল একটি আর্থিক অনুদান(allowance)। আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন তার আর্থিক সঙ্গতির পরিপূরক (means-tested) বেনিফিটের(গুলির) হিসাবের মধ্যে এটা ধরা হতে পারে। আপনাকে যদি কেয়ারারস্ এলাউন্স দেওয়া হয় তাহলে আপনি যে ব্যক্তির যত্ন নিচ্ছেন, তিনি তার বেনি ফিটের সঙ্গে সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়াম পাবেন না। একজন ব্যক্তির জন্য এই প্রিমিয়ামের পরিমান হল ৪২ পাউন্ড ৯৫ পেনি অথবা বেনিফিট পাওয়ার যোগ্য আপনার আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner ) তার জন্য সম পরিমান।

যারা এটেনডেন্স এলাউন্স পান অথবা ডিসেবিলিটি লিভিং এলাউন্সের ব্যক্তিগত দেখাশোনা করার অংশের মাধ্যমিক বা উচ্চতর পরিমান পান তাদেরকে সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়াম দেওয়া হয়। তাদেরকে অবশ্যই একা বাস করতে হবে অথবা অন্য ব্যক্তিদের সঙ্গে বাস করতে হবে যারা:

- ডিসেবিলিটি লিভিং এলাউন্সের ব্যক্তিগত দেখাশোনা করার অংশের মাধ্যমিক বা উচ্চতর পরিমান পান; অথবা
- এটেনডেন্স এলাউন্স; অথবা
- বয়স ১৮ বৎসরের নীচে; অথবা
- কোন পরপোকারী(charity) বা স্বয়ংসেবী সংস্থার(voluntary organisation) কর্মচারী যিনি অর্থের বিনিময়ে আপনাকে যত্ন প্রদান করে থাকেন; অথবা
- তাদের বাড়ীওয়ালা এবং তাদের ঘনিষ্ঠ আত্মীয় নন; অথবা
- তারা তাদের বাসিন্দা(lodger/boarder) অথবা ভাড়াটিয়া এবং তাদের ঘনিষ্ঠ আত্মীয় নন; অথবা
- যৌথ মালিক অথবা যৌথ ভাড়াটিয়া এবং তাদের ঘনিষ্ঠ আত্মীয় নন;

বাড়ীওয়ালার পরিবার, বাসিন্দা(lodger/boarder , যৌথ মালিক অথবা যৌথ ভাড়াটিয়াদের প্রভাব এই প্রিমিয়ামের উপর পড়ে না।

- যৌথ মালিক অথবা যৌথ ভাড়াটিয়া যারা ঘনিষ্ঠ আত্মীয়, তাদের প্রভাব এই প্রিমিয়ামের উপর পড়ে না যদি তাদের এই চুক্তি আরম্ভ হয়
- ১৯৮৮ সালের ১১ এপ্রিলের আগে, অথবা
- সেই তারিখে অথবা তার আগে বিকলাঙ্গ ব্যক্তি (অথবা তাদের স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner)) সেই বাড়ীতে প্রথম বাস করতে আরম্ভ করেছেন।

এইখানে ঘনিষ্ঠ আত্মীয়রা হলেন আপনার স্বামী, স্ত্রী অথবা কারো সংঙ্গে একসাথে বসবাস করছেন (partner), পিতামাতা, শ্বশুর, শ্বাশুড়ী, ছেলে, জামাই, মেয়ে, পুত্রবধু, সৎমা বা সৎবাবা, সৎছেলে, সৎমেয়ে, ভাই বোন অথবা তাদের অংশীদারা(partners)।

যদি কেয়ারারস্ এলাউন্স দেওয়া হয়, তাহলেই কেবল সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়াম বন্ধ হয়ে যায়। কেয়ারারস্ এলাউন্স পাওয়ার মূলগত(underlying) যোগ্যতা থাকর মানে এই নয় যে প্রিমিয়াম দেওয়া বন্ধ করে দেওয়া হবে। অতএব একজন যত্ন প্রদানকারী ব্যক্তি যিনি আচ্ছাদিত বেনিফিটের(overlapping benefit) নিয়মের কারনে কেয়ারারস্ এলাউন্স পাচ্ছেন না, তিনি আর্থিক সঙ্গতির পরিপূরক (means-tested) বেনিফিটের হিসাবে কেয়ারার প্রিমিয়াম পেতে পারেন এবং সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়ামের উপর এর কোন প্রভাব পড়বে না

আরও তথ্যের জন্য কেয়ারলাইনসের ০৮০৮ ৮০৮ ৭৭৭৭ নম্বরে ফোন করে আমাদের *কেয়ারারস্ এলাউন্স এবং সিভিয়ার ডিসেবিলিটি প্রিমিয়ামের* তথ্যপত্র পাঠাতে বলুন।